রপ্তানি উন্নয়ন ব্যুরো
মেলা ও প্রদর্শনী বিভাগ
টিসিবি ভবন
১ কাওরান বাজার
ঢাকা।

নং-২৬.০২.০০০০.০৩১.৫৮.৯৫৮.২৫-৬০২৭

তারিখঃ ১৭ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ আগামী ২৮-৩০ জানুয়ারি, ২০২৬ সময়ে Dusseldorf, জার্মানীতে অনুষ্ঠেয় Asia Apparel Expo-2025 শীর্ষক মেলায় অংশগ্রহণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ২৮-৩০ জানুয়ারি, ২০২৬ সময়ে Dusseldorf জার্মানীতে Asia Apparel Expo-2025 শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় অংশগ্রহণের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য, Apparel, Fabric and Textile, Fashion Accessories পণ্য খাতের রপ্তানি বাজার অন্বেষণ এবং সম্প্রসারণের জন্য প্রস্তাবিত মেলাটি একটি আদর্শ প্লাটফর্ম। মেলার তথ্যাদি নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| মেলার নাম | : | Asia Apparel Expo, Berlin, Germany -2026 |
| মেলার সময়কাল | : | January 28-30, 2026 |
| মেলার ভেন্যু | : | Messe Dusseldorf, Germany |
| আয়োজক | : | COMASIA LIMITED |
| বুথের সাইজ | : | 3mX3m |
| বুথ টাইপ | : | Shell Scheme |
| বুথ ভাড়া | : | Tk. 6,96,625.00 (Six Lac Ninety Six Thousand Six Hundred Twenty Five) |
| প্রদর্শণী পণ্যঃ | : | Apparel, Fabric and Textile, Fashion Accessories |

০২। উল্লেখ্য, মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানকে বুথ মূল্যের উপর নিম্নরুপ হারে ভর্তুকী প্রদান করা হবে:

(i) তৈরি পোশাক এর প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

| ক্রঃ নং | রপ্তানি আয় মিলিয়ন মার্কিন ডলার | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | ১০ এর উপরে | "ক" | ৩০% |
| ০২ | ০৫-১০ | "খ" | ৪০% |
| ০৩ | ০৫-নতুন রপ্তানিকারক | "গ" | ৫০% |

(ii) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

| ক্রঃ নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য | "ক" | ৪৫% |
| ০২ | প্রারম্ভিক (কোন রপ্তানি নাই) | "খ" | ৫০% |

(iii) বিশেষ খাত:

| ক্রঃ নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | নারী উদ্যোক্তা | - | ৬০% |

(iv) **বায়িং হাউস প্রতিষ্ঠানসমূহকে (BGBA এর সদস্যভুক্ত ) প্রযোজ্য ক্ষেত্রে রপ্তানি আদেশ প্রাপ্তি ও রপ্তানির বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান (রপ্তানিকারক প্রতিষ্ঠান) থেকে প্রমাণকসহ প্রত্যয়ন দাখিল সাপেক্ষে বুথ মূল্যের উপর সর্বোচ্চ ৪০% ভর্তুকি প্রদান করা হবে।**

**স্মর্তব্য, সাবসিডি শুধুমাত্র একটি বুথের জন্য প্রযোজ্য। কোন প্রতিষ্ঠান বা কোন গ্রুপের Strategic Business Unit একের অধিক বুথ নিলে অতিরিক্ত বুথের জন্য ১০০% অর্থ প্রদান করতে হবে।**

০৩। বর্ণিতাবস্থায়, আপনার প্রতিষ্ঠান/সমিতির সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদন পত্রের সাথে প্রযোজ্য হারে অংশগ্রহণ ফি ইপিবি-এর অনুকূলে পে-অর্ডার আগামী ১৫-০৯-২০২৫ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইপিবি'র মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদন পত্র ব্যুরোর ওয়েবসাইট (www.epb.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে। আবেদন পত্রের সাথে (ইআরসি, ট্রেডলাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী প্রতিনিধির পাসপোর্ট কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, সর্বশেষ অর্থ বছরের পিআরসি) প্রয়োজনীয় ডকুমেন্টস অবশ্যই দাখিল করতে হবে। উল্লেখ্য, মেলা সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্যাদির জন্য জনাব মোঃ এনামুল হক (মেলা ও প্রদর্শনী বিভাগ) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। (ফোন নম্বরঃ ০১৭৪৩-৮৬৫৩৩৩)



CamScanner

০৪। উল্লেখ্য, সংশ্লিষ্ট দেশের ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি দায়-দায়িত্ব বহণ করবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠান মনোনীত না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেয়া হবে।

০২/০৭/২০২৫

(মাহমুদুল হাসান)
পরিচালক (যুগ্ম সচিব)
মেলা ও প্রদর্শনী বিভাগ

**বিতরন : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যৈষ্ঠতার ভিত্তিতে নয়):**

1. সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ নং-৭/৭এ, সেক্টর নং-১৭, ব্লক নং-এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০, ই-মেইল: info@bgmea.com, fair@bgmea.com.bd
2. সভাপতি, বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। ই-মেইল: bkfair@bkmea.com
3. সভাপতি,বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ), ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা। ই-মেইল: btma2@yahoo.com
4. সভাপতি, বাংলাদেশ বায়িং হাউস এসোসিয়েশ (বিজিবিএ), হাউজ নং -০৬, রোড নং সেক্টর নং ১৫/সি-১, উত্তরা, ঢাকা। ই-মেইলঃ info@bgbabd.org
5. সভাপতি, বাংলাদেশ টেরী টাওয়েল লিলেন ম্যানুঃ এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, পল্টন টাওয়ার , ৮৭ পুরানা পল্টন লেন (সাউথইষ্ট কর্নার),ঢাকা-১০০০। E-mail: bttla@aitlbd.net, E-mail: info@bttlmea.com
6. সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস ওনার্স এসোসিয়েশন, Fortune Villa( 2nd floor), 16/10, Rankin Street, Dhaka- 1203, Bangladesh. +88-02-7115478, 9532021. E-mail: info@bdtradeinfo.com, bdtradeinfo@gmail.com
7. প্রোগ্রামার, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

০১। পি এ টু, ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। পি এ টু, মহাপরিচালক-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)।

D:\Fair 2025\Asia Apparel Expo 2026\Letter Bang.doc



CamScanner